SHAKTI
নারীর ক্ষমতায়নে শক্তি

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি(এম আর এ)
সনদ নং
০০১৭৬-০০০৫৯-০০০১৮

শক্তি বার্তা - বর্ষ: ১৬, অক্টোবর, ২০২৩

# শক্তি বার্তা

## “23rd ICAB National Award” পেল শক্তি ফাউন্ডেশন




বিগত বছরের ন্যায় এবছরও “23rd ICAB National Award for Best Presented Annual Reports 2022” পেল শক্তি ফাউন্ডেশন। শক্তি ফাউন্ডেশন এনজিও ক্যাটাগরিতে যৌথভাবে ৩য় স্থান অর্জন করে। ৩০ অক্টোবর ২০২৩ তারিখ রাজধানীর সোনারগাঁ হোটেলে এই এ্যাওয়ার্ড অনুষ্ঠানটি অনুষ্ঠিত হয়। উক্ত এ্যাওয়ার্ড অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাননীয় বাণিজ্য মন্ত্রী জনাব টিপু মুন্সী, এমপি। শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে পুরষ্কার গ্রহণ করেন সিনিয়র ডিরেক্টর এন্ড সিএফও জনাব মোঃ আব্দুল হালিম এবং ক্লাইমেট চেঞ্জ প্রোগ্রামের স্ট্রাটেজিক এ্যাডভাইজার জনাব লাবিবা রহমান। এছাড়াও উপস্থিত ছিলেন শক্তি ফাউন্ডেশনের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর জনাব ইমরান আহমেদ; সিনিয়র ডিরেক্টর জনাব নজমুল আহসান, হেড অব ইন্টারনাল কন্ট্রোল এ্যান্ড লিগ্যাল ডিপার্টমেন্ট। শক্তি পরিবার এই সাফল্যে গর্বিত এবং এবং ভবিষ্যতে এই ধারা অব্যহত রাখার ক্ষেত্রে দৃঢ় প্রতিজ্ঞ।

## শক্তি ফাউন্ডেশনের সিন্ডিকেটেড টার্ম লোন এর সমাপনী অনুষ্ঠান




শক্তি ফাউন্ডেশন, বাংলাদেশের নেতৃস্থানীয় একটি এনজিও হিসেবে মাইক্রোফাইন্যান্স প্রোগ্রাম এর জন্য সাফল্যের সঙ্গে ৩০০ কোটি টাকার (আপসাইজ ৫০০ কোটি টাকা) সিন্ডিকেটেড টার্ম লোনের চুক্তি সম্পন্ন করেন। এই সিন্ডিকেট লোন এর লিড এ্যারেঞ্জার ছিলেন দেশের শীর্ষস্থানীয় ব্যাংক ইস্টার্ন ব্যাংক পিএলসি। এ ঋণ সুবিধার উদ্দেশ্য ছিল মাইক্রো এন্টারপ্রাইজ, ক্ষুদ্র এবং কৃষি ঋণ প্রদানের মাধ্যমে নিম্ন আয়ের নারীদের আর্থ-সামাজিক ক্ষমতায়নের লক্ষ্যে শক্তিকে সহায়তা করা। এই অসাধারণ অর্জন উদযাপনের জন্য, গত ২৩ অক্টোবর ২০২৩ তারিখে হোটেল শেরাটন, ঢাকায় একটি সমাপনী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ।

এছাড়াও শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি; ইস্টার্ন ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী জনাব আলী রেজা ইফতেখার এবং অন্যান্য অংশীদারি ৯টি শীর্ষস্থানীয় ব্যাংক এবং আর্থিক প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

স্বাগত বক্তব্যে শক্তি ফাউন্ডেশনের উপ-নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ ব্যাংকিং সুবিধা বহির্ভূত উদ্যোক্তাদের মূলধন নিশ্চিত এবং তাদের জীবিকা অর্জনে সহায়তা করতে ব্যাংক এবং মাইক্রোফাইন্যান্স ইনস্টিটিউশনের মধ্যে অংশীদারিত্বের গুরুত্ব তুলে ধরেন।

শক্তি ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা এবং নির্বাহী পরিচালক হুমায়রা ইসলাম, পিএইচডি চুক্তিটি সম্পন্ন করার জন্য ব্যাংকগুলিকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, এই চুক্তি শক্তি ফাউন্ডেশনের সুবিধাভোগী নারীদের উদ্যোক্তা, পরিবর্তনের ধারক এবং নেতৃত্বদানকারী হিসেবে এগিয়ে যাওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে।

ইস্টার্ন ব্যাংক পিএলসি-এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব আলী রেজা ইফতেখার বলেন দেশের মানুষের উন্নয়নে শক্তি ফাউন্ডেশন পুরো উদ্যমে কাজ করে যাচ্ছে। তিনি শক্তি ফাউন্ডেশনকে আরও শক্তিশালী করার ক্ষেত্রে আর্থিক সহায়তা দিয়ে পাশে থাকার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

প্রধান অতিথি মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি এর এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান জনাব মোঃ ফসিউল্লাহ বলেন শক্তি মানেই নারীশক্তি। শক্তি ফাউন্ডেশন নারী অগ্রগতির সারথি হয়ে সুবিধাবঞ্চিতদের সাহস যুগিয়ে যাচ্ছে। তিনি এই সকল সুবিধা বঞ্চিত মানুষের জীবনের মানোন্নয়নের লক্ষ্যে সকল ব্যাংকের সহযোগিতা কামনা করেন।

## ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং বিষয়ক ক্যাম্প




শক্তি ফাউন্ডেশন বিগত ৩১ বছর ধরে নারী স্বাস্থ্য, নারী অধিকার ও ক্ষমতায়ন নিয়ে কাজ করে যাচ্ছে।তাই নারীদের ব্রেস্ট ক্যান্সারে মৃত্যুঝুঁকি কমাতে শক্তি ফাউন্ডেশন দেশব্যাপী ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে স্বাস্থ্য সচেতনতামূলক উদ্যোগ গ্রহণ করেছে। এরই ধারাবাহিকতায় গত ১১ অক্টোবর ২০২৩ তারিখ চতুর্থবারের মতো চট্টগ্রামের হালিশহর মহুরীপাড়া শাখা কার্যালয়ে ব্রেস্ট ক্যান্সার স্ক্রিনিং ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়। চট্টগ্রাম মা ও শিশু ক্যান্সার ইনস্টিটিউট এন্ড রিসার্চ সেন্টারের এসোসিয়েট প্রফেসর এন্ড হেড অব অনকোলজি জনাব ডাঃ শাফায়াতুজ্জামান এর তত্ত্বাবধানে ৬ জন বিশেষজ্ঞ ডাক্তার দ্বারা এই ক্যাম্পটি পরিচালিত হয়। চট্টগ্রাম হালিশহর এবং কোতয়ালী এরিয়ার নারী কর্মী এবং শক্তি ফাউন্ডেশনের সদস্য সহ মোট ১৫৪ জনকে এই ক্যাম্পের মাধ্যমে সেবা প্রদান করা হয়। শক্তি ফাউন্ডেশন কর্তৃক নারীদের স্বাস্থ্য সচেতনতার ক্ষেত্রে এধরনের কার্যক্রম ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

## কর্মীদের জন্য স্বাস্থ্য অনুদান

কর্মী বান্ধব প্রতিষ্ঠান হিসেবে শক্তি ফাউন্ডেশন তার কর্মীদের পাশে সবসময় সহযোগিতার হাত বাড়িয়ে রেখেছে। জুলাই থেকে অক্টোবর ২০২৩, পর্যন্ত ৬৮ জন কর্মীকে মোট ১৬,৮২,৬০০/-টাকার স্বাস্থ্য অনুদান প্রদান করা হয়।

## সদস্যদের জন্য স্বাস্থ্য অনুদান

আমরা বিশ্বাস করি “সবার আগে সদস্য, এটাই শক্তির আদর্শ”। আর এ আদর্শকে বাস্তবায়নের লক্ষ্যে গত জুলাই থেকে অক্টোবর ২০২৩, পর্যন্ত ১১২ জন সদস্য এবং তার পরিবারের মাঝে ১৩,৮১,০০০/- টাকার স্বাস্থ্য অনুদান প্রদান করা হয়।

## রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের বাচ্চাদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ




শক্তি ফাউন্ডেশন সামাজিক কল্যাণমূলক কার্যক্রমের আওতায় রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের বাচ্চাদের জন্য নিয়মিত বিভিন্ন সহায়তা প্রদান করে আসছে। এরই ধারাবাহিকতায় গত ১৮ অক্টোবর ২০২৩ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের কনিষ্ঠ পুত্র শহীদ শেখ রাসেল এঁর জন্মবার্ষিকী উপলক্ষে শক্তি ফাউন্ডেশনের পক্ষ থেকে রাজশাহী বুদ্ধি প্রতিবন্ধী ও অটিস্টিক বিদ্যালয়ের ৬০ জন প্রতিবন্ধী বাচ্চাদের মাঝে স্কুল ব্যাগ বিতরণ করা হয়।

## দক্ষতা উন্নয়নে ট্রেনিং




ট্রেনিং ডির্পাটমেন্টের নিয়মিত কার্যক্রমের আওতায় অক্টোবর ২০২৩ এ বিভিন্ন ট্রেনিং অনুষ্ঠিত হয়। বগুড়া, যশোর ও কুমিল্লা গৌরীপুরে অবস্থিত ৩টি ট্রেনিং সেন্টারে ৪ টি ব্যাচে ৯৭ জন নতুন নিয়োগ প্রত্যাশি ট্রেইনি অফিসারদের (মাইক্রোফাইনান্স) প্রি-সার্ভিস ট্রেনিং এর পাশাপাশি ৬টি ব্যাচে ১৭৪ জনের চূড়ান্ত মূল্যায়ন অনুষ্ঠিত হয়। ১২ জন শাখা ব্যবস্থাপক এবং ১৫ জন একাউন্টেন্টদের অংশগ্রহণে ২টি ব্যাচে প্রিসার্ভিস ট্রেনিং অনুষ্ঠিত হয়। এছাড়া শাখা ব্যবস্থাপক, মাইক্রোফাইন্যান্স অফিসার, সিনিয়র মাইক্রোফাইন্যান্স অফিসারদের অংশগ্রহণে মোট ৪টি ব্যাচে ৮৩ জনকে রিফ্রেশার্স ট্রেনিং প্রদান করা হয়। সাভার ট্রেনিং সেন্টারে ৩৪ জন প্রশিক্ষণার্থীদের অংশগ্রহণে শাখা ব্যবস্থাপক পদে প্রিপারেশন কোর্স অনুষ্ঠিত হয়।

## স্বল্প ব্যয়ে ঘরে বসেই প্যাথলজি সেবা গ্রহণে শক্তি ফাউন্ডেশনের এক অনন্য উদ্যোগ



গত ১ অক্টোবর ২০২৩ থেকে শক্তি ফাউন্ডেশন এবং দেশের বিশ্বমানের স্বাস্থ্যসেবা প্রদানকারী প্রতিষ্ঠান প্রাভা হেলথ এর যৌথ উদ্যোগে শক্তির সদস্য, কর্মী এবং কমিনিউটির জনগণের জন্য খুব সহজেই হাতের নাগালে, কম খরচে উন্নত এবং নির্ভরযোগ্য প্যাথলজি সেবা কাযর্ক্রম চালু করেছে। এই সেবার আওতায় কোন ডায়াগনষ্টিক সেন্টারে না গিয়ে ঘরে বসে অথবা বাড়ির কাছের শক্তি মেডিকেল কেয়ার সেন্টারের বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত মেডিকেল অ্যাসিস্টেন্ট্যান্ট এর কাছে অতিরিক্ত খরচ ছাড়াই সহজে নমুনা প্রদান করার পাশাপাশি শক্তি ফাউন্ডেশনের শাখা অফিস থেকে দ্রুততম সময়ে নির্ভুল রিপোর্ট সংগ্রহ করতে পারছেন। এর ফলে ঝামেলা ছাড়াই খুব সহজে মানসম্মত এবং সহজলভ্য প্যাথলজি সেবা পাওয়া সম্ভব হচ্ছে।

## মোটর সাইকেল চালনায় সতর্কতা



- বাইক চালানোর সময় অবশ্যই নিরাপদ হেলমেট পরিধান করুন
- বৃষ্টি এবং কুয়াশার সময়ে চালনার ক্ষেত্রে বিশেষ সতর্কতা অবলম্বন করুন
- বাইক চালানোর সময় মনোযোগ অন্যদিকে না দেওয়া থেকে বিরতথাকুন
- বাইক চালানোর সময় মোবাইল ফোনে কথা বলা থেকে বিরত থাকুন
- অতিরিক্ত গতিতে বাইক চালাবেন না
- চালানোর আগে পরীক্ষা করে নিন
- ওভারটেক করা থেকে বিরত থাকুন
- বাকে এবং স্পীড ব্রেকারে সতর্ক থাকুন
- অবশ্যই লাইসেন্স করে বাইক চালান
- সর্বদা ট্রাফিক আইন মেনে চলুন

**সময়ের চেয়ে জীবনের মূল্য বেশি। আপনার জীবনের নিরাপত্তা নিশ্চিত করতে পারে আপনার পরিবারের ভবিষ্যৎ নিরাপত্তা**

# ম্যানেজিং প্লাস্টিক ইন বাংলাদেশ বিষয়ক সম্মেলনে শক্তি ফাউন্ডেশনের অংশগ্রহণ



৩০ অক্টোবর ২০২৩ তারিখ রাজধানীর হোটেল ওয়েস্টিন এ Managing Plastics in Bangladesh 2023 Conference অনুষ্ঠিত হয়। দিনব্যাপী এই সম্মেলন যৌথভাবে আয়োজন করে আমাল ফাউন্ডেশন এবং মার্কিন দূতাবাস। উক্ত সম্মেলনে "Recycling Revolution: A Bangladeshi Perspective" বিষয়ক ৩য় অধিবেশনটি পরিচালনা করেন শক্তি ফাউন্ডেশনের উপ নির্বাহী পরিচালক জনাব ইমরান আহমেদ। অধিবেশনে প্যানেল বক্তা হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ পেট্রোকেমিক্যাল কোম্পানী লিমিটেডের (বিপিসিএল) ম্যানেজিং ডিরেক্টর জনাব খাদেম এম ইউসুফ; কোকা কোলা বাংলাদেশ বেভারেজ লিমিটেড এর পাবলিক অ্যাফেয়ার্স, কমিউনিকেশন এন্ড সাসটেইনেবিলিটি ডিরেক্টর জনাব আনোয়ারুল আমিন; আরএফএল গ্রুপ এর ম্যানেজিং ডিরেক্টর জনাব আর এন পল; এবং আমাল ফাউন্ডেশন এর ফাউন্ডার ও ডিরেক্টর জনাব ইসরাত করিম। জনাব ইমরান আহমেদ বলেন, বর্তমানে বাংলাদেশে প্লাস্টিকের ব্যবহার বহুলাংশে বৃদ্ধি পেয়েছে। কিন্তু এই প্লাস্টিক রিসাইক্লিং করার ক্ষেত্রে আমরা অনেক পিছিয়ে আছি। শুধু শহরেই নয়, গ্রামেও অনেক বেশী প্লাস্টিকের ব্যবহার হচ্ছে। এক্ষেত্রে ব্যবহৃত প্লাস্টিক সংগ্রহ করে রিসাইক্লিং করার ক্ষেত্রে সুনির্দিষ্ট কোন ডাটাবেইজ নেই এবং মানুষের মধ্যে সচেতনতারও অভাব রয়েছে। তিনি অপ্রাতিষ্ঠানিক খাতে তথ্য সংগ্রহ ও গবেষণার বিষয়ে বিশেষ গুরুত্ব আরোপ করেন। পরিবেশের জন্য ক্ষতিকর এই প্লাস্টিক ব্যবস্থাপনা করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সকলকে এগিয়ে এসে সমন্বিত উদ্যোগ নিয়ে কাজ করার বিষয়ে আশাবাদ ব্যক্ত করেন।

## এক নজরে শক্তি (অক্টোবর ৩১, ২০২৩)

| মাইক্রোফাইন্যান্স শাখা | বিভাগ | জেলা | থানা | ইউনিয়ন |
|---|---|---|---|---|
| ৫১৮ টি | ৮ টি | ৫৫ টি | ৩৬৬ টি | ২,১৩৪ টি |

**সদস্য সংখ্যা**
৪২৯,৭৩৮ জন

**ঋণী**
৩৩৯,৯৩৫ জন

**সঞ্চয় স্থিতি**
৮১৪.০২ কোটি টাকা

ঋণ বিতরণ (ক্রমাগত)
১৭,৯৮৭.৮৭ কোটি টাকা

২,৫১৮.৬৯ কোটি টাকা

**ঋণ আদায়ের হার (চলতি)**
৯৫.০৪%

প্রধান কার্যালয়
শক্তি ভবন, বাড়ি নং-০৪,
রোড নং-০১, ব্লক-এ, সেকশন-১১
মিরপুর, পল্লবী, ঢাকা - ১২১৬

+৮৮ ০৯৬১৩-৮৮৮১১১
+৮৮ ০২-৫৮০৫২০৩১
+৮৮ ০১৮১৯৮৫০১৪৮

shakti.org.bd
/SFDWbd
/company/sfdwbd